Ref: BACCO/Election2026-2028/All Members/001 Date: 27 July 2026

**To**
**All Honorable BACCO Members**

**Subject: Regarding formation of Election Board & Election Appeal Board for BACCO Executive Committee Election 2026-2028.**

This is to inform all the respected members of Bangladesh Association of Contact Center & Outsourcing (BACCO) that Executive Committee was unanimously decided that as per Trade Organization Rules & Orders under Ministry of Commerce, Government of People's Republic of Bangladesh the three members committee of Election Board and three members committee of Election Appeal Board for the upcoming BACCO Election 2026-2028 tenure has been formed to conduct the election.

The committee members are as follows:

**Election Board:**

| SL | Name | Designation | Official Address |
|---|---|---|---|
| 1. | Mr. Saiful Islam Siddique | Chairman | Managing Director, ICC Communication Ltd; 12/D, Road: 6, Plot: I/15-18, Pallabi, Mirpur, Dhaka |
| 2. | Mr. S M Monjurul Islam | Member | CEO, Tech Point BPO; Probal Tower (Level-5); 45 Probal Housing, Ring Rd, Dhaka |
| 3. | Mr. Md. Habibul Haq | Member | Director Operations, Next Online Limited; Plot 9, Road 113/A, Gulshan, Dhaka |

**Election Appeal Board:**

| SL | Name | Designation | Official Address |
|---|---|---|---|
| 1. | Mr. Monirul Islam | Chairman | Chairman, Velocita Infosys Limited, House 56, Road 1, Block A, Jahurul Islam City, Aftabnagar, Dhaka |
| 2. | Ms. Emrazina Islam | Member | Proprietor, Emrazina Technologies, Flat-C2, House-1188, Aveue-11, Mirpur DOHS, Dhaka |
| 3. | Mr. Faisal Ahmed | Member | Managing Partner, M/s. Fire & Safety Management, House-4, Lane-16, BIock- C, Section-10, Mirpur, Dhaka |

Regards

**Faisal Alim**
Secretary General

Bangladesh Association of Contact Center & Outsourcing • BACCO • bacco.org.bd

**CC for kind information & necessary steps:**

1. Director General, Trade Organization, Ministry of Commerce, Bangladesh Secretariat, Dhaka.
2. Administrator, The Federation of Bangladesh Chambers of Commerce and Industry (FBCCI), 60 Motijheel, Dhaka.
3. Registrar, Joint Stock Companies & Firms, TCB Bhaban (6th Floor),1 Kawran Bazar, Dhaka

স্মারক নম্বরঃ বাক্কো/নির্বাচন বোর্ড/২০২৬-২০২৮/০১ তারিখঃ ১১ আগস্ট ২০২৬

বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ কন্ট্যাক্ট সেন্টার অ্যান্ড আউটসোর্সিং (বাক্কো) এর ২০২৬-২০২৮ মেয়াদী দ্বি-বার্ষিক

## নির্বাচনী তফসিল

বাণিজ্য সংগঠন আইন, ২০২২ ও বাণিজ্য সংগঠন বিধিমালা, ২০২৫ এবং বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ কন্ট্যাক্ট সেন্টার অ্যান্ড আউটসোর্সিং (বাক্কো) এর সংঘস্মারক ও সংঘবিধি অনুযায়ী অ্যাসোসিয়েশনের দ্বি-বার্ষিক নির্বাচন ২০২৬-২০২৮ মেয়াদের ১২ (বারো) জন সদস্য বিশিষ্ট (সভাপতি-০১ জন, সিনিয়র সহ-সভাপতি-০১ জন, সহ-সভাপতি-০১ জন, সাধারণ সম্পাদক-০১ জন, যুগ্ম সাধারণ সম্পাদক- ০১ জন, অর্থ সম্পাদক- ০১ জন, পরিচালক (৬ জন) নির্বাহী পরিষদ গঠনের উদ্দেশ্যে আগামী **৩১ অক্টোবর ২০২৬** তারিখ রোজ শনিবার, স্থান: (পরবর্তীতে জানিয়ে দেয়া হবে) নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নোক্ত তফসিল ঘোষণা করা হলো:

| ক্র. নং | কার্যক্রমসমূহ | তারিখ ও সময় |
|---|---|---|
| ০১. | নির্বাচনী তফসিল ঘোষণা | ১১ আগস্ট ২০২৬, মঙ্গলবার |
| ০২. | ক) সদস্য পদ নবায়নের সর্বশেষ সময়সীমা (সদস্যগণের ৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত বার্ষিক চাঁদা ও অন্যান্য পাওনা পরিশোধিত থাকতে হবে।)<br>খ) ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য আবেদন দাখিলের সর্বশেষ সময়সীমা (নির্বাচন সংক্রান্ত তথ্যাবলীর ক্রমিক নং ১ এ উল্লিখিত ডকুমেন্টস আবেদনের সাথে সংযুক্ত করে দাখিল করতে হবে) | ৩১ আগস্ট ২০২৬, সোমবার (প্রতিদিন সকাল ১০ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত) |
| ০৩. | প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ | ৯ সেপ্টেম্বর ২০২৬, বুধবার |
| ০৪. | প্রাথমিক ভোটার তালিকার বিষয়ে নির্বাচন আপিল বোর্ডের নিকট আপত্তি (যদি থাকে) তা লিখিতভাবে দাখিল; | ১০-১২ সেপ্টেম্বর ২০২৬ (প্রতিদিন সকাল ১০ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত) |
| ০৫. | দাখিলকৃত আপত্তির বিষয়ে নির্বাচন আপিল বোর্ড কর্তৃক শুনানি ও নিষ্পত্তি (শুনানির তারিখ ও সময় নোটিশ বোর্ডে প্রদর্শিত হবে) | ১৩-১৫ সেপ্টেম্বর ২০২৬ |
| ০৬. | নির্বাচন বোর্ড কর্তৃক চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ (নোটিশ বোর্ডে প্রদর্শিত হবে) | ১৬-১৭ সেপ্টেম্বর ২০২৬ |
| ০৭. | নির্বাচনের জন্য প্রার্থী কর্তৃক মনোনয়নপত্র সংগ্রহ ও দাখিল (বাণিজ্য সংগঠন বিধিমালা, ২০২৫ এর বিধি ২৩ (৩) ও (১১) এ উল্লিখিত কাগজপত্রসহ মনোয়নপত্র নির্বাচন বোর্ডে দাখিল করতে হবে) | ১৭-২৩ সেপ্টেম্বর ২০২৬ (প্রতিদিন সকাল ১০ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত) |
| ০৮. | মনোনয়নপত্র পরীক্ষা ও প্রাথমিক প্রার্থী তালিকা প্রকাশ (নোটিশ বোর্ডে প্রদর্শিত হবে) | ২৪-৩০ সেপ্টেম্বর ২০২৬ |

ELECTION

| ক্র. নং | কার্যক্রমসমূহ | তারিখ ও সময় |
|---|---|---|
| ০৯. | মনোনয়নপত্র বাতিল বিষয়ে সংশ্লিষ্ট প্রার্থী কর্তৃক নির্বাচন আপিল বোর্ডের কাছে আপত্তি দাখিল | ৩০ সেপ্টেম্বর ২০২৬ থেকে ০২ অক্টোবর ২০২৬ (প্রতিদিন সকাল ১০ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত) |
| ১০. | নির্বাচন আপিল বোর্ড কর্তৃক বাতিলকৃত মনোনয়ন পত্রের ওপর দাখিলকৃত আপত্তির শুনানি গ্রহণ ও নিষ্পত্তি (আপিল বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ে) | ০৩-০৪ অক্টোবর, ২০২৬ |
| ১১. | বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশ (নোটিশ বোর্ডে প্রদর্শিত হবে) | ০৫ অক্টোবর, ২০২৬ সোমবার |
| ১২. | লিখিতভাবে প্রার্থীতা প্রত্যাহার | ০৬-০৮ অক্টোবর ২০২৬ (প্রতিদিন সকাল ১০ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত) |
| ১৩. | চূড়ান্ত প্রার্থী এবং প্রত্যাহারকৃত প্রার্থী তালিকা প্রকাশ (নোটিশ বোর্ডে প্রদর্শিত হবে) | ০৮ অক্টোবর ২০২৬ বৃহস্পতিবার |
| ১৪. | ভোট গ্রহণ এবং নির্বাচনী ফলাফল প্রকাশ<br>স্থান: পরবর্তীতে জানিয়ে দেয়া হবে | **৩১ অক্টোবর ২০২৬, শনিবার** ভোট গ্রহণ সকাল ১০.০০টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত বিরতিহীনভাবে চলবে। ভোট গণনা শেষে নির্বাচনী ফলাফল ঘোষণা করা হবে। |
| ১৫. | নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে নির্বাচন আপীল বোর্ডের কাছে আপত্তি দাখিল | ০১ নভেম্বর ২০২৬, রবিবার বিকাল ৫ টা পর্যন্ত |
| ১৬. | নির্বাচনী আপিল বোর্ড কর্তৃক নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে দাখিলকৃত আপত্তির শুনানি গ্রহণ ও নিষ্পত্তি (আপিল বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ে) | ০২-০৩ নভেম্বর ২০২৬ বিকাল ৫ টা পর্যন্ত |
| ১৭. | নির্বাচন বোর্ড কর্তৃক চূড়ান্ত ফলাফল ঘোষণা | ০৪ নভেম্বর ২০২৬, বুধবার |
| ১৮. | নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে নির্বাচনের ফলাফলের বিষয়ে নির্বাচন আপীল বোর্ডের কাছে আপত্তি দাখিল | ০৫-০৭ নভেম্বর, ২০২৬ (প্রতিদিন সকাল ১০ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত) |
| ১৯. | নির্বাচনী আপিল বোর্ড কর্তৃক নির্বাচনের ফলাফলের বিরুদ্ধে দাখিলকৃত আপিলের শুনানি গ্রহণ ও নিষ্পত্তি (আপিল বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ে) | ০৮-১০ নভেম্বর, ২০২৬ |
| ২০. | নির্বাচন বোর্ড কর্তৃক সংশোধিত চূড়ান্ত ফলাফল ঘোষণা (যদি সংশোধনের প্রয়োজন হয়) | ১১ নভেম্বর ২০২৬, বুধবার |

Bangladesh Association of Contact Center & Outsourcing
ELECTION BOARD

০২। প্রয়োজনীয় ক্ষেত্রে নির্বাচনী তফসিলের পরিবর্তন/পরিমার্জন/সংশোধনের এখতিয়ার নির্বাচন বোর্ড সংরক্ষণ করে।

০৩। (ক) নির্বাচন আচরণ বিধি ১ (এক) কপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

(খ) **নির্বাচন সংক্রান্ত যে কোন বিষয়ে নির্বাচন বোর্ডে (বাড়ি ৩৯, রোড ১৩, ব্লক ডি, বনানী ঢাকা । মোবাইল: 01972122226 এবং ইমেইল: office@bacco.org.bd) অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।**

(গ) নির্বাচন সংক্রান্ত যাবতীয় তথ্য/নির্দেশনা/বিজ্ঞপ্তি অ্যাসোসিয়েশনের কার্যালয়ের নোটিশ বোর্ডে/ওয়েবসাইটে/ Members' Group-এ প্রদর্শন করা হবে।

| | | |
|---|---|---|
| **হাবিবুল হক** | **এস এম মনজুরুল ইসলাম** | **সাইফুল ইসলাম সিদ্দিক** |
| সদস্য | সদস্য | চেয়ারম্যান |
| নির্বাচন বোর্ড | নির্বাচন বোর্ড | নির্বাচন বোর্ড |

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১. মহাপরিচালক (যুগ্মসচিব), বাণিজ্য সংগঠন, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

০২. সভাপতি, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ কন্ট্যাক্ট সেন্টার অ্যান্ড আউটসোর্সিং (বাক্কো)

০৩. চেয়ারম্যান, নির্বাচন আপিল বোর্ড, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ কন্ট্যাক্ট সেন্টার অ্যান্ড আউটসোর্সিং (বাক্কো), দ্বি-বার্ষিক নির্বাচন ২০২৬-২৮;

০৪. সদস্য সকল (ডাক যোগে), বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ কন্ট্যাক্ট সেন্টার অ্যান্ড আউটসোর্সিং (বাক্কো);

০৫. অফিস সচিব, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ কন্ট্যাক্ট সেন্টার অ্যান্ড আউটসোর্সিং (বাক্কো)
(নোটিশ বোর্ড/ওয়েবসাইটে/Members' Group-এ প্রদর্শনের অনুরোধসহ)।

Bangladesh Association of Contact Center & Outsourcing • BACCO •
ELECTION BOARD

স্মারক নম্বরঃ বাক্কো/নির্বাচন বোর্ড/২০২৬-২০২৮/০২ তারিখঃ ১১ আগস্ট ২০২৬

বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ কন্ট্যাক্ট সেন্টার অ্যান্ড আউটসোর্সিং (বাক্কো) এর ২০২৬-২০২৮ মেয়াদী

**দ্বি-বার্ষিক নির্বাচনের নির্বাচন সংক্রান্ত তথ্যাবলী ও আচরণবিধি**

## নির্বাচন সংক্রান্ত তথ্যাবলী

১। ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য প্রয়োজনীয় ডকুমেন্টস:

| | |
|---|---|
| ক) | সংশ্লিষ্ট কোম্পানী/ফার্মের হালনাগাদ ট্রেড লাইসেন্সের ফটোকপি (৩০ জুন ২০২৬ পর্যন্ত); |
| খ) | হালনাগাদ ইনকাম ট্যাক্স সার্টিফিকেট/রিটার্ণ জমা রশিদের ফটোকপি [প্রোপ্রাইটরশীপ প্রতিষ্ঠানের ক্ষেত্রে ব্যক্তির আয়কর সনদ এবং লিমিটেড/অংশীদারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠানের আয়কর সনদ দাখিল করতে হবে (Assessment Year 2025 2026 )] |
| গ) | লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে উহার নির্বাহী পরিষদ কর্তৃক প্রতিনিধি (কোম্পানীর শেয়ার হোল্ডার হতে হবে) মনোনয়নের রেজুলেশনের মূলকপি; অংশীদারি কারবারের ক্ষেত্রে অংশীদারদের দ্বারা মনোনীত প্রতিনিধির মনোনয়নপত্র, ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে মালিকই প্রতিনিধি হবেন। |
| ঘ) | সংশ্লিষ্ট প্রতিনিধির দুই কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি। |
| ঙ) | সংঘবিধি অনুযায়ী সদস্য নবায়ন সনদ/হালনাগাদ তথ্যাদি [(বকেয়া চাঁদা পরিশোধের রশিদ (মানি রিসিট ৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত পরিশোধিত)]। |
| চ) | জাতীয় পরিচয় পত্রের ফটোকপি। |

[উপরে উল্লিখিত কাগজপত্রাদি নির্বাচন তফসিলে বর্ণিত সময়ের (৩১ আগস্ট ২০২৬) মধ্যে নির্বাচন বোর্ডের নিকট (চেয়ারম্যান, নির্বাচন বোর্ড, (বাড়ি ৩৯, রোড ১৩, ব্লক ডি, বনানী ঢাকা । মোবাইল: 01972122226 এবং ইমেইল: office@bacco.org.bd)/সরাসরি জমা দিতে হবে।]

২। প্রাথমিক ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তি বা ভোটার তালিকা হতে নাম বাদ দেওয়ার প্রয়োজন হলে নির্বাচন তফসিলে বর্ণিত সময়ের মধ্যে নির্বাচন আপিল বোর্ডের নিকট লিখিত আপত্তি জানাতে হবে। দাখিলকৃত আপত্তির বিষয়ে নির্বাচন আপিল বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

৩। প্রার্থী ব্যক্তিগতভাবে/প্রতিনিধির মাধ্যমে মনোনয়নপত্র দাখিল ও প্রত্যাহার করতে পারবেন। প্রতিনিধির মাধ্যমে মনোনয়নপত্র প্রত্যাহার করতে চাইলে প্রার্থী কর্তৃক প্রতিনিধি মনোনয়নের পত্র প্রমাণক হিসেবে দাখিল করতে হবে।

৪। (ক) ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত নেই এমন কোন ব্যক্তি নির্বাচনে প্রার্থী বা প্রস্তাবকারী কিংবা সমর্থনকারী হতে পারবেন না ।

Bangladesh Association of Contact Center & Outsourcing ELECTION BOARD BACCO

(খ) চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের দিন হতে পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে নির্বাচনে আগ্রহী প্রার্থীগণ নিম্নবর্ণিত কাগজপত্রসহ সঠিকভাবে পূরণকৃত মনোনয়নপত্র নির্বাচন বোর্ডের নিকট দাখিল করবেন, যথা:

(অ) নোটারি পাবলিক কর্তৃক সত্যায়নের মাধ্যমে ঋণখেলাপী কিনা সে বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত মূল প্রত্যায়নপত্র;

(আ) নোটারী পাবলিক কর্তৃক সত্যায়নের মাধ্যমে কর, ভ্যাট, শুল্ক হালনাগাদ পরিশোধ করেছেন কিনা সে বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রদত্ত আয়কর, ভ্যাট রিটার্ন ও শুল্ক পরিশোধের মূল সনদপত্র;

(ই) ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হইয়া কারাদন্ডে দন্ডিত কিনা এবং তাহার মুক্তি লাভের পর ৫ (পাঁচ) বছর অতিক্রান্ত হয়েছে কিনা সে বিষয়ে পুলিশ ক্লিয়ারেন্সের মূল সনদ;

(ঈ) প্রয়োজনীয় অন্যান্য দলিলাদি ।

৫। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হওয়ার পর নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে মনোনয়ন ফরম সংগ্রহ করা যাবে।

৬। নির্বাচন বোর্ড কোন প্রার্থীর মনোনয়নপত্র বাতিল করলে উক্ত প্রার্থী তালিকা প্রকাশের পর নির্বাচন তফসিলে বর্ণিত সময়ের মধ্যে নির্বাচন আপিল বোর্ডের নিকট লিখিত আপত্তি দাখিল করতে পারবেন। এক্ষেত্রে নির্বাচন আপিল বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

৭। নির্বাচনের বিষয়ে কোন আপত্তি থাকলে সংশ্লিষ্ট প্রার্থী নির্বাচন আপিল বোর্ডের নিকট লিখিত আপত্তি দাখিল করতে পারবেন। এক্ষেত্রে নির্বাচন আপিল বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

৮। ভোটারগণ ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে ভোট প্রদান করবেন। প্রক্সির মাধ্যমে ভোট দেয়া যাবে না ।

৯। নির্বাচন গোপন ব্যালটের মাধ্যমে অনুষ্ঠিত হবে এবং প্রত্যেক ভোটার প্রতিটি পদের জন্য একটি ভোট প্রয়োগের অধিকারী হবেন।

১০। একজন ভোটার একটি ব্যালট পেপারে প্রদত্ত নির্দেশনামতে প্রয়োজনীয় সংখ্যক ভোট প্রদান করবেন এবং এর কম/বেশি ভোট প্রদান করলে ব্যালট পেপার বাতিল বলে গণ্য হবে।

১১। কার্যনির্বাহী পরিষদে কোনো ব্যক্তি পরপর ০২ (দুই) মেয়াদ শেষে অন্যূন একটি নির্বাচনে অংশগ্রহণ না করে পরবর্তী নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন।

১২। ভোটারের পরিচয় পত্র নির্বাচনের দিন নির্বাচন কেন্দ্রে সকাল ৮:০০ টা হতে বিতরণ করা হবে।

১৩। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হওয়ার পর বাক্কো এর ০২ (দুই) ধরনের সদস্যদের মধ্য হতে নিম্নরূপে মনোনয়নপত্র সংগ্রহ করবেন এবং নির্বাহী পরিষদের নিম্নোক্ত পদসমূহের জন্য নির্বাচন তফসিলে বর্ণিত সময়সীমার মধ্যে নির্বাচন বোর্ডের নিকট মনোনয়ন জমা দিতে হবে:

ELECTION BOARD · Bangladesh Association of Contact Center & Outsourcing · BACCO ·

| ক্রম: | সদস্যগণ | নির্বাহী পরিষদের প্রার্থী মনোনয়ন | প্রার্থী মনোনয়নের সংখ্যা |
|---|---|---|---|
| ১ | সাধারণ সদস্য | সভাপতি | ০১ |
| | | সিনিয়র সহ-সভাপতি | ০১ |
| | | সহ-সভাপতি | ০১ |
| | | সাধারণ সম্পাদক | ০১ |
| | | যুগ্ম সাধারণ সম্পাদক | ০১ |
| | | অর্থ সম্পাদক | ০১ |
| | | পরিচালক (সাধারণ) | ০৫ |
| ২ | সহযোগী সদস্য | পরিচালক (সহযোগী) | ০১ |
| | | মোট পদের সংখ্যা | ১২ |

"নির্বাচন বোর্ড কর্তৃক প্রকাশিত চূড়ান্ত ভোটার তালিকা হতে বাক্কো এর ০২ (দুই) ধরনের সকল সদস্য উপর্যুক্ত সকল পদে ভোট প্রদান করতে পারবেন"

১৪। মনোনয়ন ফি (অফেরৎযোগ্য): নির্বাহী পরিষদ নির্বাচনের সদস্য পদের মনোনয়ন ফি বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ কন্ট্যাক্ট সেন্টার অ্যান্ড আউটসোর্সিং (বাক্কো)'র অনুকূলে নিম্নে উল্লিখিত টাকার (Bank Name: The Premier Bank PLC, A/C Name : Bangladesh Association of Call Center and Outsourcing, A/C Number: 011211100008886, Branch : Uttara, Routing No: 235264637, Swift Code: PRMRBDDHUTT) ডিপোজিট স্লিপ নির্বাচন বোর্ডের নিকট জমা দিতে হবে।

| ক্র. নং | পদের নাম | মনোনয়নপত্রের ফি (টাকা) |
|---|---|---|
| ০১ | সভাপতি | ১,৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) |
| ০২ | সিনিয়র সহ-সভাপতি | ১,২০,০০০ (এক লক্ষ বিশ হাজার) |
| ০৩ | সহ-সভাপতি | ১,০০,০০০ (এক লক্ষ) |
| ০৪ | সাধারণ সম্পাদক | ১,০০,০০০ (এক লক্ষ) |
| ০৫ | যুগ্ম সাধারণ সম্পাদক | ৯০,০০০ (নব্বই হাজার) |
| ০৬ | অর্থ সম্পাদক | ৯০,০০০ (নব্বই হাজার) |
| ০৭ | পরিচালক (সাধারণ) | ৮০,০০০ (আশি হাজার) |
| ০৮ | পরিচালক (সহযোগী) | ৮০,০০০ (আশি হাজার) |

১৫। নির্বাহী পরিষদ কর্মকর্তা/সদস্য পদে প্রার্থী হওয়ার জন্য নির্বাচন তফসিলে বর্ণিত সময়ের মধ্যে মনোনয়নপত্র সংগ্রহ করে দাখিল করতে হবে। মনোনয়নপত্র দাখিলের সময় মনোনয়ন ফি পরিশোধের রশিদের মূল কপি মনোনয়নপত্রের সাথে জমা দিতে হবে।

Bangladesh Association of Contact Center & Outsourcing ELECTION BOARD BACCO

নির্বাচন বোর্ড থেকে মনোনয়ন ফরম সংগ্রহ করে তা যথাযথভাবে পূরণপূর্বক অফিস চলাকালীন সময়ে নির্বাচন বোর্ডের নিকট দাখিল করতে হবে (চেয়ারম্যান, নির্বাচন বোর্ড, (বাড়ি ৩৯, রোড ১৩, ব্লক ডি, বনানী ঢাকা । মোবাইল: 01972122226 এবং ইমেইল: office@bacco.org.bd)/সরাসরি জমা দিতে হবে)।

১৬। বাণিজ্য সংগঠন বিধিমালা, ২০২৫ এর ১৯ (৩) বিধি মোতাবেক যে সকল সদস্য নির্বাচন তারিখের ৬০ (ষাট) দিন পূর্বে (**৩১ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে**) বাক্কো এর বার্ষিক চাঁদা, সার্ভিস চার্জ ও অন্যান্যা বকেয়া পরিশোধ করতে ব্যর্থ হবেন সে সকল সদস্য ভোটার তালিকাভুক্ত হতে পারবেন না এবং ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন না।

১৭। বাণিজ্য সংগঠন বিধিমালা, ২০২৫ এর ১৯ (৩) বিধি মোতাবেক নির্বাচন তারিখের ১২০ (একশত বিশ) দিন পূর্বে (**০২ জুলাই ২০২৬ তারিখের মধ্যে**) সদস্য হয়েছেন এমন সদস্য উক্ত নির্বাচনে ভোটার হতে পারবেন।

১৮। কোনো বাণিজ্য সংগঠনে এক ব্যক্তির মালিকানাধীন একাধিক কোম্পানির TIN বা BIN সমৃদ্ধ প্রতিষ্ঠান থাকলে তিনি সকল প্রতিষ্ঠানের জন্য ভোটাধিকার প্রাপ্য হবেন এবং উক্ত ভোট কোনোক্রমেই হস্তান্তরযোগ্য হবে না; তবে শর্ত থাকে যে, এরূপ ভোটাধিকার প্রাপ্ত ব্যক্তি নির্বাচনে একাধিক পদে প্রার্থী হতে পারবেন না।

১৯। নির্বাচন সংক্রান্ত যাবতীয় নোটিশ/বিজ্ঞপ্তি বাক্কো এর নোটিশ বোর্ডে/ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

২০। নির্বাচনী কার্যালয় হতে সদস্যদের নিকট ই-মেইলে প্রাথমিক ও চূড়ান্ত ভোটার তালিকা প্রেরণ করা হবে, তবে ৫০০/- (পাঁচশত) টাকার বিনিময়ে অতিরিক্ত তালিকা সংগ্রহ করা যাবে।

২১। নির্বাচন বোর্ড কর্তৃক অনুমোদিত যথাযথ প্রক্রিয়ায় ভোট গণনা করা হবে।

২২। নির্বাচনী তফসিলে উল্লিখিত নির্ধারিত সময়ের পর কোন মনোনয়ন ফরম গ্রহণ করা যাবে না।

২৩। পূরণকৃত ফরমে কোনো ঘষামাজা/কাটাকাটি থাকলে তা বাতিল হবে।

২৪। একজন প্রার্থী শুধুমাত্র একটি পদেই নির্বাচন করতে পারবেন।

২৫। চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত নাই এরূপ কোনো ব্যক্তি নির্বাচনে প্রার্থী বা তার প্রস্তাবকারী বা সমর্থনকারী হতে পারবেন না।

Bangladesh Association of Contact Center & Outsourcing • BACCO •
ELECTION BOARD

# নির্বাচন সংক্রান্ত আচরণবিধিঃ

০১। নির্বাচন উপলক্ষে মিছিল করা অথবা শ্লোগান দেওয়া সম্পূর্ণ নিষিদ্ধ থাকবে।

০২। নির্বাচন অনুষ্ঠানের ৪৮ ঘন্টা পূর্ব হতে অর্থাৎ **২৯ অক্টোবর ২০২৬** তারিখ সকাল ৯:০০ টার পর থেকে সকল প্রকার নির্বাচনী প্রচারণা সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে।

০৩। নির্বাচন অনুষ্ঠানের দিন নির্বাচন বোর্ড কর্তৃক ঘোষিত ভোট কেন্দ্রের ১০০ গজের মধ্যে প্রার্থী অথবা তার সমর্থকদের সমাবেশ, জটলা, ব্যাজ ধারণ ও পোস্টার বহন সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে।

০৪। নির্বাচন বোর্ড কর্তৃক নির্দেশিত বিধান বহির্ভূতভাবে কোন প্রার্থী কিংবা ভোটার ভোট গ্রহণ এলাকায় অহেতুক অবস্থান করতে পারবেন না।

০৫। নির্বাচন উপলক্ষে কোন বিজ্ঞাপন প্রদান, কোন প্রকার পোস্টার, দেয়াল লিখন অথবা ব্যানার ব্যবহার করা যাবেনা।

০৬। ভোটারদের নিকট কেবলমাত্র সাদাকালো A4 Size এর প্রচারপত্র প্রেরণ করা যাবে, তবে কোন রকম উপঢৌকন প্রদান করা যাবে না।

০৭। কোন প্রার্থী একক অথবা দলবদ্ধভাবে কোন হোটেল, রেঁস্তোরা বা কমিউনিটি সেন্টারে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্বাচনী পরিচিতি সভা অনুষ্ঠান, ভোটারদের আপ্যায়নের আয়োজন এবং এতে অংশগ্রহণ করতে পারবেন না।

০৮। নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের সভাপতিত্বে ও পরিচালনায় গ্রুপভিত্তিক সকল প্রার্থীর পরিচিতি সভা অনুষ্ঠান করা যাবে। প্রার্থীগণ সুনির্দিষ্ট সময়ের জন্য ভোটারদের উদ্দেশ্যে বক্তব্য পেশ করতে পারবেন। ব্যক্তিগত কুৎসা, অশালীন অথবা রাজনৈতিক বক্তব্য প্রদান করা যাবে না। প্রার্থী পরিচিতি সভার ব্যয় নির্বাহের জন্য নির্বাচন বোর্ড সকল প্রার্থীর উপর সমান হারে ফি ধার্য করতে পারবে।

০৯। এই নির্বাচন আচরণবিধির এক বা একাধিক বিধান লংঘিত হলে অথবা এই বিষয়ে কোন অভিযোগ উত্থাপিত হলে সংশ্লিষ্ট পক্ষকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে নির্বাচন বোর্ড বিধি মোতাবেক সিদ্ধান্ত গ্রহণ করবে। নির্বাচন বোর্ডের উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে আপত্তি থাকলে সংশ্লিষ্ট পক্ষ আপীল বোর্ডের নিকট সাথে সাথে আপিল দায়ের করতে পারবেন। আচরণবিধি লঙ্ঘন সংক্রান্ত অভিযোগ নিস্পত্তির জন্য নির্বাচন বোর্ডের সুপারিশক্রমে সময়ে সময়ে নির্বাচন আপিল বোর্ডের সভা অনুষ্ঠিত হবে এবং নির্বাচন অনুষ্ঠানের সময়ে আচরণবিধি সংক্রান্ত এইরূপ অভিযোগ নিস্পত্তির জন্য নির্বাচন আপিল বোর্ড নির্বাচন চলাকালীন ভোট গ্রহণ কেন্দ্রে উপস্থিত থাকবেন। নির্বাচন আপিল বোর্ডের সভায় শুনানী গ্রহণ করা হবে। এই শুনানীর বিষয়ে যাবতীয় নোটিশ সংশ্লিষ্ট পক্ষসমূহকে বিশেষ বিজ্ঞপ্তি/ঘোষণা মারফত অবহিত করা হবে। নোটিশ বোর্ডে এই বিষয়ে প্রদত্ত বিজ্ঞপ্তি একমাত্র বৈধ নোটিশ বলিয়া গণ্য হবে। শুনানী গ্রহণ শেষে আপিল বোর্ড কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

Bangladesh Association of Contact Center & Outsourcing • BACCO • ELECTION BOARD

১০। নির্বাচন বোর্ড ভোট গ্রহণ কক্ষে একই সঙ্গে প্রবেশের জন্য ভোটারের সংখ্যা নিয়ন্ত্রণ করবেন। নির্বাচন বোর্ড, নির্বাচন কর্মকর্তা, নির্বাচন সহযোগী, পোলিং এজেন্ট, নির্বাচনী প্রার্থী এবং কেবলমাত্র ভোট দানের জন্য আগত ভোটার ব্যতীত অন্য কারও ভোট গ্রহণ কক্ষে প্রবেশাধিকার থাকবে না। প্রত্যেক প্রার্থী নির্বাচনী কেন্দ্রে সর্বোচ্চ ০১ (এক) জন পোলিং এজেন্ট (এজেন্টকে অবশ্যই ভোটার হতে হবে) নিয়োগ করতে পারবেন।

১১। ভোট চিহ্ন প্রদানের জন্য নির্ধারিত গোপন কক্ষে এক সঙ্গে একাধিক ভোটারের প্রবেশ নিষিদ্ধ থাকবে। ভোট গ্রহণ কক্ষের বাইরে ব্যালট পত্র নেয়া যাবে না।

১২। ভোট গ্রহণ কক্ষে সকল ভোটার, নির্বাচন বোর্ড ও সংশ্লিষ্ট নির্বাচন কর্মকর্তার নিয়ন্ত্রণে বিধিমোতাবেক গোপন ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করবেন। এই আদেশের বিধান লঙ্ঘন অথবা অসদাচরণ, প্রচারণা ও প্ররোচনায় লিপ্ত যে কোন প্রার্থী অথবা ভোটারকে নির্বাচন বোর্ড ভোট কেন্দ্রের এলাকা হতে বহিষ্কার করতে পারবে।

১৩। নির্বাচন প্রার্থীবৃন্দ ভোট গ্রহণ এলাকা ও কক্ষে কেবল মাত্র নির্বাচন বোর্ড কর্তৃক সংরক্ষিত স্থান /আসনে অবস্থান করতে পারবেন এবং কেবলমাত্র নির্বাচন বোর্ডের অনুমতি গ্রহণপূর্বক একমাত্র ভোট দানের উদ্দেশ্যে ভোট প্রদান কক্ষের সংশ্লিষ্ট এলাকায় বিধিমোতাবেক প্রবেশ করতে পারবেন।

১৪। কোন প্রার্থী ভোট গ্রহণ কক্ষে কোন ভোটারের সঙ্গে কোন প্রকার আলাপ ও প্রচারণায় লিপ্ত হতে পারবেন না।

১৫। একজন প্রার্থী শুধুমাত্র একটি পদের জন্য প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন।

১৬। চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত নয় কিংবা জাল ভোট দান কিংবা ইতোমধ্যে ভোট দিয়েছেন, এমন ভোটারের বিরুদ্ধে অথবা অন্য কোন আচরণ বিধি লঙ্ঘনের বিরুদ্ধে প্রার্থীগণ নির্বাচন বোর্ড ও নির্বাচন কর্মকর্তার নিকট আপত্তি করতে পারবেন। নির্বাচন বোর্ড এইরূপ দাখিলকৃত আপত্তি ও অভিযোগের সুরাহা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

১৭। নির্বাচন বোর্ড কিংবা নির্বাচন কর্মকর্তার নিষেধ বা সতর্কীকরণ সত্ত্বেও কোন প্রার্থী ভোট গ্রহণ কক্ষে আলাপচারিতা ও প্রচারণায় লিপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে বিধান অনুসরণপূর্বক তার প্রার্থিতা বাতিল করা যাবে।

১৮। নির্বাচন বোর্ড ব্যালট পত্রের ফরম নির্ধারণ করবে। ব্যালট পত্রের প্রথম অংশে ব্যালট পত্র নম্বর মুদ্রিত থাকবে এবং ব্যালট পত্র আবশ্যিকভাবে সংগঠনের সিল ও চেয়ারম্যান, নির্বাচন বোর্ডের স্বাক্ষরসম্বলিত হতে হবে, অন্যথায় এটি গ্রহণযোগ্য হবে না।

১৯। নির্বাচনী কেন্দ্রের অভ্যন্তরে প্রার্থী এবং এজেন্টগণ মোবাইল ব্যবহার করতে পারবেন না।

Bangladesh Association of Contact Center & Outsourcing
ELECTION BOARD
BACCO

২০। ব্যালট পেপারে প্রার্থীর নামের ডান দিকের নির্দিষ্ট স্থানে [× (ক্রস)] চিহ্ন দিয়ে ভোট দিতে হবে। ক্রস (x) চিহ্ন প্রার্থীর নামের নির্দিষ্ট ঘরের উপরের ও নিচের লাইন অতিক্রম করতে পারবে না।

২১। ভোটার তালিকায় ভোটার নম্বর, ভোটারের ছবি, ভোটারের নাম, তার প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা এবং TIN নম্বর উল্লেখ করতে হবে। সংগঠনের দপ্তরে রক্ষিত সদস্য প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত সদস্যের নমুনা স্বাক্ষরের ভিত্তিতে অথবা নির্বাচন বোর্ড কর্তৃক প্রদত্ত ছবি সম্বলিত পরিচিতিপত্রের মাধ্যমে ভোটার সনাক্ত করা হবে। উক্ত পরিচিতিপত্র না থাকলে অথবা স্বাক্ষরে গরমিল হলে ভোট প্রদান করা যাবে না।

২২। নির্বাচন বোর্ড কর্তৃক প্রদানকৃত ভোটার কার্ড সন্দেহাতীতভাবে যাচাইপূর্বক ব্যালট প্রথম অংশটি সংশ্লিষ্ট ভোটারকে প্রদান এবং চূড়ান্ত ভোটার তালিকায় উক্ত ভোটারের নামের বিপরীতে ব্যালট পত্র নম্বর লিপিবদ্ধ করে মুড়িতে ভোটারের স্বাক্ষর গ্রহণ করতঃ ভোটাধিকার প্রয়োগ রেকর্ড করা হবে। একটি ভোটের জন্য কোন অবস্থাতেই একাধিক ব্যালট পত্র প্রদান করা যাবে না।

২৩। শারীরিকভাবে অসমর্থ কোন ভোটার সাহায্যকারী ব্যতীত ভোট দানে অপারগ হলে নির্বাচন বোর্ড সদস্যদের মধ্য হতে একজনকে ভোট প্রদান কক্ষে উক্ত ভোটারের সাহায্যকারী নিযুক্ত করতে পারবে।

২৪। ভোট গ্রহণ শুরু হওয়ার অন্ততঃ ১৫ মিনিট পূর্বে নির্বাচন বোর্ড নির্বাচন প্রার্থীগণের (যদি উপস্থিত থাকেন) সম্মুখে নিরীক্ষণ করে শূন্যতার নিশ্চয়তার বিধান অনুসরণপূর্বক ব্যালট বাক্সটি বন্ধ ও সীল করবে এবং নির্বাচন বোর্ড, প্রার্থী ও ভোটারদের নিকট দৃশ্যমান একটি উপযোগী স্থানে স্থাপন করবে।

২৫। একটি ভোট গ্রহণ কক্ষে একই সঙ্গে কোন গ্রুপের সংরক্ষিত আসনে নির্বাচনের জন্য একাধিক ব্যালট বাক্স ব্যবহার করা যাবে না। একটি ব্যালট বাক্স পূর্ণ কিংবা আরও ভোট গ্রহণের জন্য নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের নিকট অনুপযোগী প্রতীয়মান হলে তিনি সংশ্লিষ্ট ব্যালট বাক্সটি সিল করে নিরাপদ ও দৃশ্যমান স্থানে সংরক্ষণ করে এর স্থলে অপর একটি শূন্য ও সীলকৃত ব্যালট বাক্সে ভোট গ্রহণ করবেন।

২৬। নির্বাচন বোর্ড কর্তৃক কেবলমাত্র সাময়িক প্রয়োজনে ভোট গ্রহণ স্থগিত করা হলে ব্যালট বাক্স সীল করে নির্বাচন বোর্ড ভোট গ্রহণ পুনরায় আরম্ভ না করা পর্যন্ত সংরক্ষিত থাকবে।

২৭। নির্বাচন তফসীল অনুযায়ী নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ভোট কেন্দ্রে উপস্থিত সকল ভোটার ভোট দান করতে পারবেন।

২৮। ভোট প্রদান বিধিমত সমাপ্তির পর ভোট গণনা শুরু হবে এবং সমাপ্ত না হওয়া পর্যন্ত একটানা চলতে থাকবে। প্রার্থীগণ ভোট গণনার সময় উপস্থিত থাকতে পারবেন। তবে কোন প্রার্থী ভোট গণনার সময় নিজে উপস্থিত না থাকলে নির্বাচন বোর্ডের পূর্বানুমতিক্রমে তার পক্ষে একজন প্রতিনিধি নিযুক্ত করতে পারবেন।

Bangladesh Association of Contact Center & Outsourcing • BACCO • ELECTION BOARD

২৯। নির্বাচন বোর্ড ভোট গণনার উদ্দেশ্যে ব্যালট বাক্স হতে ব্যালট পত্র বের করে প্রাপ্ত ব্যালট পত্রের সংখ্যা লিপিবদ্ধ করে ভোট গণনা শুরু করবেন।

৩০। নির্বাচন কর্মকর্তার স্বাক্ষর ও সিল না থাকলে ব্যালট পত্র বাতিল বলে গণ্য হবে।

৩১। নির্ধারিত সংখ্যক পদের অতিরিক্ত অথবা কম সংখ্যক প্রার্থীকে ভোট প্রদান করা হলে ব্যালট পত্র বাতিল বলে গণ্য হবে।

৩২। কাটাকাটি, ওভার রাইটিং সম্বলিত ব্যালট, নির্দেশাবলী লংঘন করে পূরণকৃত ব্যালট পত্র বাতিল বলে গণ্য হবে।

৩৩। নির্বাচন বোর্ড বৈধ ব্যালট পত্রসমূহ হতে প্রত্যেক প্রার্থীর পক্ষে প্রদত্ত ভোট মেশিন দ্বারা গণনা করে প্রকাশ করা হবে। এই ভোট গণনায় নির্বাচন বোর্ড ও নির্বাচন সহযোগী কর্মকর্তা ব্যতীত অন্য কেউ অংশগ্রহণ করতে পারবেন না।

৩৪। নির্বাচন বোর্ড ভোট গ্রহণ ও গণনা শেষে নির্বাচনের ফলাফল ঘোষণা ও প্রকাশ করবে।

৩৫। নির্বাচন ফলাফল সম্পর্কে কোন প্রার্থী আপিল বোর্ডে আপিল দাখিল করতে চাইলে ১০,০০০/- (দশ হাজার) টাকা ব্যাংক ড্রাফট/নগদ আকারে জমাদানপূর্বক তফসিলে উল্লিখিত নির্ধারিত সময় অনুযায়ী আপিল করতে পারবে।

৩৬। নির্বাচন সংক্রান্ত নিয়ম-কানুন এবং নির্বাচন পরিচালনায় কোনও প্রকার সাংঘর্ষিক পরিস্থিতি পরিলক্ষিত হলে বাণিজ্য সংগঠন বিধিমালা, ২০২৫ প্রাধান্য পাবে।

৩৭। প্রয়োজনীয় ক্ষেত্রে আচরণ বিধির পরিবর্তন/পরিমার্জন/সংশোধনের এখতিয়ার নির্বাচন বোর্ড সংরক্ষণ করে।

| | | |
|---|---|---|
| হাবিবুল হক | এস এম মনজুরুল ইসলাম | সাইফুল ইসলাম সিদ্দিক |
| সদস্য | সদস্য | চেয়ারম্যান |
| নির্বাচন বোর্ড | নির্বাচন বোর্ড | নির্বাচন বোর্ড |

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১. মহাপরিচালক (যুগ্মসচিব), বাণিজ্য সংগঠন, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

০২. সভাপতি, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ কন্ট্যাক্ট সেন্টার অ্যান্ড আউটসোর্সিং (বাক্কো)

০৩. চেয়ারম্যান, নির্বাচন আপিল বোর্ড, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ কন্ট্যাক্ট সেন্টার অ্যান্ড আউটসোর্সিং (বাক্কো), দ্বি-বার্ষিক নির্বাচন ২০২৬-২৮;

০৪. সদস্য সকল (ডাক যোগে), বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ কন্ট্যাক্ট সেন্টার অ্যান্ড আউটসোর্সিং (বাক্কো);

০৫. অফিস সচিব, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ কন্ট্যাক্ট সেন্টার অ্যান্ড আউটসোর্সিং (বাক্কো)
(নোটিশ বোর্ড/ওয়েবসাইটে/Members' Group-এ প্রদর্শনের অনুরোধসহ)।

Bangladesh Association of Contact Center & Outsourcing ELECTION BOARD